



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনসিটিউট  
১২৫/এ, দারাস সালাম, এ ড্রিল্ট চৌধুরী রোড, ঢাকা-১২১৬  
website: www.nimc.gov.bd



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৩১.১৯.২৪৮৩

৩০ অগ্রহায়ণ ১৪২৬  
১৫ ডিসেম্বর ২০১৯

### প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

## বেতার ও টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা

জাতীয় গণমাধ্যম ইনসিটিউটে আগামী ০২ ফেব্রুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. পর্যন্ত ৪ (চার) সপ্তাহব্যাপী ‘বেতার ও টেলিভিশন অনুষ্ঠান উপস্থাপনা’ প্রশিক্ষণ পাঠ্যধারা অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের ম্বাতক পাশ হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের হিসাব শাখা থেকে ৬২০০/- (টাকা দুইশত) মাত্র নির্ধারিত ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, ম্বাতক পাশের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে। ইনসিটিউটের ওয়েব সাইট : [www.nimc.gov.bd](http://www.nimc.gov.bd) নির্ধারিত ফরমে সরাসরি আবেদন করা যাবে। সেক্ষেত্রে মৌখিক পরীক্ষার পূর্বে নির্ধারিত ফি প্রদানপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২০ জানুয়ারি ২০২০ খ্রি। সাক্ষাৎকারগ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাইপরীক্ষা আগামী ২৩ জানুয়ারি ২০২০ খ্রি. সকাল ১১.০০ টায় জাতীয় গণমাধ্যম ইনসিটিউটে অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোনো পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ২৩ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখ ইনসিটিউটের ওয়েবসাইট ও নোটিস বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৮,০০০/- (টাকা চার হাজার) মাত্র আগামী ২৭ জানুয়ারি ২০২০-  
এর মধ্যে ‘মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনসিটিউট’- এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে  
জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

শিউলী দাস  
পাঠ্যধারা পরিচালক  
ফোন: ৫৫০৭৯৮৪৮